দৈনিক খবর

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরি...
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 17 OCT 1988
পৃষ্ঠা ... 1 কলাম ... 1

00-056

# রাষ্ট্রপতির সঙ্গে প্রাথমিক শিক্ষক সমিতি প্রতিনিধি দলের সাক্ষাৎ

অধ্যাপক আবুল কালামের নেতৃত্বে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির একটি প্রতিনিধি দল গতকাল রোববার ঢাকায় রাষ্ট্রপতি এরশাদের সাথে তার সচিবালয়ে সাক্ষাৎ করেন। খবর বাসস'র।

নিরলস সেবা ও দৃঢ় নেতৃত্বের

শেষ পৃষ্ঠায় ৪র্থ কলামে

## রাষ্ট্রপতির সঙ্গে

প্রথম পৃষ্ঠার পর

মাধ্যমে বন্যা পরিস্থিতি কাটিয়ে উঠার জন্য ২ লাখ প্রাথমিক শিক্ষকের পক্ষ থেকে রাষ্ট্রপতিকে তারা ধন্যবাদ জানান। তারা রাষ্ট্রপতিকে দুর্যোগ প্রতিরোধ পরিষদ গঠনের জন্যও ধন্যবাদ জানান।

যেসব এলাকা সহজে প্লাবিত হয় সেখানে দ্বিতল প্রাথমিক বিদ্যালয় ভবন এবং যে সমস্ত ইউনিয়নে প্রাথমিক বিদ্যালয় নেই সেখানে একটি দ্বিতল প্রাথমিক বিদ্যালয় ভবন নির্মাণের সম্ভাব্যতা পরীক্ষা করে দেখার প্রস্তাবের জন্য তারা রাষ্ট্রপতিকে ধন্যবাদ জানান। রাষ্ট্রপতি গতকাল রোববার জাতীয় সংসদে তাঁর প্রদত্ত ভাষণে এই প্রস্তাব পেশ করেন। প্রস্তাবিত স্কুলগুলোতে বন্যার সময় জনগণ যেন জরুরী ভিত্তিতে আশ্রয় গ্রহণ করতে পারে।

প্রতিনিধি দল রাষ্ট্রপতিকে তাদের ২১ দফার ১০ দফা মেনে নেয়ার এবং বাকীগুলো বিবেচনা করার আশ্বাস প্রদানের জন্য ধন্যবাদ জানান।

রাষ্ট্রপতি জনগণের দুর্দশা মোচনে ২ লাখ শিক্ষকের নিবেদিত সেবার জন্য তাদের ধন্যবাদ জানান।